


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.dam.gov.bd

স্মারক নং-১২.০২.০০০০.০০২.১৮.০৬৭.১২- ৬৭২
নোটিশ

তারিখঃ ২৫/১০/২০১৮খ্রিঃ

কৃষি বিপণন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকায় কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অফিসে নিয়মিত উপস্থিতি নিশ্চিতকরণের লক্ষ্যে জুন/২০১৮ মাস হতে ডিজিটাল হাজিরা পদ্ধতি (Finger Print) মেশিন চালু করা হয়েছে। উক্ত ডিজিটাল হাজিরা পদ্ধতি মেশিন বাধ্যতামূলকভাবে ব্যবহারের নিমিত্তে অধিদপ্তরের ০৪/০৬/২০১৮ তারিখের ৩৫৫নং স্মারক ও ৩১/০৭/২০১৮ তারিখের ৪৭৭ সংখ্যক স্মারকে নোটিশ জারী করা হয়। কিন্তু সেপ্টেম্বর/২০১৮ মাসের ডিজিটাল হাজিরা প্রতিবেদন অনুযায়ী দেখা যায় কোন কোন কর্মকর্তা/কর্মচারী অফিসে উপস্থিতি ও অফিস ত্যাগকালে ডিজিটাল হাজিরা মেশিন নিয়মিতভাবে ব্যবহার করেননি। নভেম্বর/২০১৮ মাস হতে প্রধান কার্যালয়ে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীর জন্য ডিজিটাল হাজিরা মেশিন ব্যবহার বাধ্যতামূলক। পূর্বের হাজিরা খাতার পাশাপাশি যুগপৎভাবে ডিজিটাল হাজিরা চালু থাকবে। নভেম্বর/২০১৮ মাস থেকে উভয় প্রকার দাপ্তরিক হাজিরা মূল্যায়ন করা হবে। ডিজিটাল হাজিরা মেশিন ব্যবহারে কোন প্রকার অনীহা/অবহেলা পরিলক্ষিত হলে এবং অফিসে নিয়মিত উপস্থিতির ব্যত্যয় ঘটলে বিধি মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।



(ড. মোহাম্মদ নাজমানার খানুম)
মহাপরিচালক

e-mail: dg@dam.gov.bd

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে

১. প্রধান(গবেষণা ও উন্নয়ন), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
২. উপ-পরিচালক(নীতি ও পরিকল্পনা), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৩. উপ-পরিচালক(আরইটিসি), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৪. উপ-পরিচালক(গবেষণা), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৫. উপ-পরিচালক(বাজার সংযোগ), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৬. উপ-পরিচালক(গুদাম ব্যবস্থাপনা), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৭. সহকারী পরিচালক(সকল) ----- কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৮. হিসাব রক্ষণ কর্মকর্তা(সকল) ----- কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৯. জনাব/বেগম ----- ।